Ekdin_Page_5_13082023_P-7-AMAR BANGLA-120917.qxd 8/12/2023 9:45 PM Page 1

বোর্ড গঠনের সময় তৃণমূলের নির্বাচিত সদস্যদের ওপর হামলা

রণক্ষেত্র কুশিদা গ্রাম পঞ্চায়েত

নিজস্ব প্রতিবেদন, মালদা: পঞ্চায়েত বোর্ড গঠনের সময় তৃণমূলের নির্বাচিত সদস্যদের ওপর হামলায় রণক্ষেত্রের চেহারা নিল হরিশ্চন্দ্রপুর থানার কুশিদা গ্রাম পঞ্চায়েত এলাকা। এদিন বোর্ড গঠন চলাকালীন তৃণমূল এবং কংগ্রেস সমর্থকদের মধ্যে তুমুল সংঘর্ষ শুরু হয়। সেই সময় তৃণমূলের নির্বাচিত এক মহিলা সহ পাঁচজন প্রার্থী হামলার শিকার হন। পঞ্চায়েতের নির্বাচিত এক প্রার্থীর মাথা ফাটিয়ে দেয় কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা বলে অভিযোগ। শুরু হয় ইট এবং পাথর বৃষ্টি। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় আপাতত ওই গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠন প্রক্রিয়া স্থগিত করে রাখা হয়েছে। এই ঘটনার পর বিশাল বাহিনী নিয়ে এলাকায় পৌঁছয় হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। আহত তৃণমূলের নির্বাচিত প্রার্থীদের চিকিৎসার জন্য ভর্তি করানো হয়েছে হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে। যদিও উভয়পক্ষই একে অপরের বিরুদ্ধে হামলার অভিযোগ তুলে পুলিশের দ্বারস্থ হয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কুশিদা গ্রাম পঞ্চায়েতের মোট আসন সংখ্যা ২৮ টি। এবারে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে এই গ্রাম পঞ্চায়েতের ত্রিশঙ্কু হয়ে রয়েছে। তৃণমূল পেয়েছে ৯টি আসন। কংগ্রেস ও সিপিএমের জোট পেয়েছে ১১ টি আসন। নির্দল পেয়েছে ৪টি আসন, বিজেপি পেয়েছে ৪টি আসন। শনিবার দুপুরে পঞ্চায়েতের নিয়ম অনুসারে কুর্শিদা গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন প্রক্রিয়া ছিল। আর সেই বোর্ড গঠন প্রক্রিয়ার সময় তৃণমূলের নির্বাচিত সদস্যরা গ্রাম পঞ্চায়েতে যাওয়ার সময় অতর্কিত তাদের ওপর হামলা চালায় কংগ্রেস শাসিত দুষ্কৃতীরা বলে অভিযোগ। তাতেই এক মহিলা সহ পাঁচজন তৃণমূলের নির্বাচিত প্রার্থী জখম হন। হরিশ্চন্দ্রপুর ১ ব্লক তৃণমূলের সাধারণ সম্পাদক আব্দুল কাইয়ুম জানিয়েছেন, কুর্শিদা গ্রাম পঞ্চায়েতে তৃণমূলের বোর্ড গঠন করার কথা ছিল। কারণ, এই পঞ্চায়েতটি এবারের নির্বাচনের ত্রিশঙ্কু অবস্থায় রয়েছে। কিন্তু উন্নয়নের স্বার্থেই বিরোধীরা অনেকেই তৃণমূলের সঙ্গে সামিল হওয়ার ইচ্ছা প্রকাশ করেছিলেন। এই বিষয়টি জানতে পেরেই কংগ্রেসীরা এদিন অতর্কিত হামলা চালায়। পাঁচজন সদস্যকে মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে। মহিলাদেরও মারধর করা হয়েছে। ঘটনার সময় পুলিশ ছিল না। পুরো বিষয়টি নিয়ে হরিশ্চন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা হরিশ্চন্দ্রপুরের প্রাক্তন বিধায়ক মোস্তাক আলম জানিয়েছেন, তৃণমূলিরা পরিকল্পনা করে গন্ডগোল পাকানোর চেষ্টা করছিল। সেখানেই তাদের গোষ্ঠীকোন্দলের জেরেই এই গোলমালের ঘটনাটি ঘটেছে। পুলিশ জানিয়েছে, তৃণমূল দলের পাঁচজন নির্বাচিত পঞ্চায়েত প্রার্থী হামলায় জখম হয়েছেন। তাদের অভিযোগ নেওয়া হয়েছে। হামলাকারীদের চিহ্নিত করতে গোটা এলাকায় তল্লাশি শুরু করা হয়েছে। পরিস্থিতি আপাতত নিয়ন্ত্রণ রয়েছে। শনিবার ওই গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠন প্রক্রিয়া স্থগিত রাখা হয়েছে।

হার্টের চিকিৎসায় মাইলফলক তৈরি করতে চলছে পুরুলিয়ার রোটারি ক্লাব

বুদ্ধদেব পাত্র ● পুরুলিয়া

এবার অত্যাধুনিক প্রযুক্তিতে হার্টের চিকিৎসা হবে পুরুলিয়া জেলায়। আগামী এক বছরের মধ্যে রোটারি ক্লাব মাল্টি স্পেশালিটি হাসপাতালে তৈরি হতে চলেছে ক্যাথল্যাব। মেডিকা সুপার স্পেশালটি হাসপাতালের সঙ্গে গাঁটছড়া বেঁধে তৈরি হবে আধুনিক মানের এই ক্যাথল্যাব। মেডিকার সিনিয়ার ভাইস চেয়ারম্যান তথা সিনিয়ার কার্ডিয়াক সার্জন ডঃ কুণাল সরকারের তত্ত্বাবধানে তৈরি হবে আধুনিক মানের এই ক্যাথল্যাব। ডঃ কুণাল সরকার রোটারি ক্লাবে এসে 'ডাক্তার থেকে দূরে থাকুন' শীর্ষক আলোচনায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে বর্তমানে হার্টের রোগের বৃদ্ধি এবং তার থেকে বাঁচার উপায় নিয়ে বিভিন্ন পরামর্শ দেন। রোটারি ক্লাবের চিকিৎসা পরিকাঠামো দেখে কুণাল সরকার জানান, এখানে ক্যাথল্যাব গড়ে তোলার সব রকম পরিকাঠামো রয়েছে। রোটারি হাসপাতালে হার্টের চিকিৎসা শুরু হলে জেলার বহু মানুষ উপকৃত হবেন। রোটারি মাল্টি স্পেশালিটি হাসপাতালের চেয়ারম্যান অজিত সারাওগি বিষয়টি নিয়ে জানান, জেলার কারো হার্টের সমস্যা হলেই দুর্গাপুর কলকাতায় ছুটে যেতে হয়। জেলার দুঃস্থ গরিব মানুষদের কথা ভেবে রোটারি হাসপাতালে একটি ফ্লোরে কার্ডিয়াক ইউনিট গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। এক বছরের মধ্যে যাতে এই কার্ডিয়াক ইউনিট শুরু করা যায় তারজন্য সব ধরনের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

বেশ কয়েকবছর থেকে সাধারণ মানুষের সাধ্যের মধ্যে সব রকমের চিকিৎসা পরিষেবা দিয়ে নজির তৈরি করেছে রোটারি ক্লাব মাল্টি স্পেশালিটি হাসপাতাল। এবার পুরুলিয়ার মতো জেলায় কার্ডিয়াক ইউনিট বা ক্যাথল্যাব তৈরি হলে আগামী দিনে চিকিৎসা ব্যবস্থায় মডেল হিসেবে স্থান করে নেবে প্রান্তিক জেলার এই হাসপাতাল।

তৃণমূলের দখলে রইল গোপালপুর গ্রাম পঞ্চায়েত

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: পঞ্চায়েত নির্বাচনের পর গত বৃহস্পতিবার কাঁকসা গোপালপুর গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন হয়। গতবারের মতো এবারও তৃণমূলের দখলে রইল গোপালপুর গ্রাম পঞ্চায়েত। এবার গ্রাম পঞ্চায়েতের প্রধান হয়েছেন শ্রীনন্দা রায় মহান্তি। উপপ্রধান হয়েছেন গণেশ মণ্ডল। শনিবার গোপালপুর গ্রাম পঞ্চায়েতে প্রধান এবং উপপ্রধান তাদের দায়িত্বভার সামলান। শনিবার দুপুরে গোপালপুর গ্রাম পঞ্চায়েতের সদ্য দায়িত্ব পাওয়া প্রধান এবং উপ প্রধানকে সংবর্ধনা জানালেন গোপালপুর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান জয়জিৎ মণ্ডল, এছাড়াও ছিলেন কাঁকসা পঞ্চায়েত সমিতির প্রাক্তন পূর্ত কর্মাদক্ষ রমেন্দ্রনাথ মণ্ডল, তৃণমূল নেতা বিকাশ রায়, বাবু মুখার্জি সহ কাঁকসা গোপালপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বিভিন্ন এলাকার তৃণমূলের কর্মী সমর্থকরা। গোপালপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান শ্রীনন্দা রায় মহান্তি এবং উপপ্রধান গণেশ মণ্ডল জানিয়েছেন, দলের পক্ষ থেকে দলের কর্মীরা, তাদেরকে সংবর্ধনা জানিয়েছেন এবং আগামী দিনে একসঙ্গে এলাকার উন্নয়ন করবেন বলে তৃণমূল কর্মীরা জানিয়েছেন। তৃণমূল কর্মীদের কাছে সংবর্ধনা পেয়ে তারা অত্যন্ত খুশি।

খুনের ঘটনায় অভিযুক্তকে গ্রেপ্তার পুলিশের

নিজস্ব প্রতিবেদন, দেগঙ্গা: টাকা ধার না দেওয়াতেই ইটভাটার শ্রমিক ছট্টু লহরিকে খুন করা হয়েছিল। সেই খুনের ঘটনায় শনিবার অভিযুক্ত বাপি মুন্ডাকে গ্রেপ্তার করল দেগঙ্গা থানার পুলিশ। শনিবার ধৃতকে বারাসত আদালতে তোলা হলে বিচারক তাকে ৫ দিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন। জেরায় পুলিশ জানতে পেরেছে অন্তঃসত্ত্বা স্ত্রীর চিকিৎসার জন্য মৃত ছট্টুর কাছে টাকা ধার চেয়েছিলেন বাপি। এই নিয়ে অশান্তির জেরেই ছট্টু লহরিকে গলার নলি কেটে খুনের পর বিদ্যাধরী খালের জলে ফেলে দিয়েছিল। পুলিশ জানিয়েছে মৃত ছট্টু লহরির বাড়ি ঝাড়খণ্ডের রাঁচিতে। সে দেগঙ্গার নুরনগর পঞ্চায়েতের বেনাপুর গ্রামে একটি ইটভাটায় শ্রমিকের কাজ করতেন। একই ইটভাটার শ্রমিক বাপি মুন্ডা। পুলিশ তদন্তে জানতে পারে, বাপির স্ত্রী চার মাসের অন্তঃসত্ত্বা। দুই শ্রমিক মিলে বৃহস্পতিবার রাতে দেগঙ্গার বেলিয়াঘাটা ব্রিজের নিচে একটা নিরিবিলি জায়গায় ত্রিপলের ছাউনিতে বসে মদ্যপান করছিলেন। মদের আসরেই অন্তঃসত্ত্বা স্ত্রীর চিকিৎসার জন্য বাপি কয়েক হাজার টাকা চেয়েছিলেন ছট্টু লহরির কাছে। সে টাকা ধার দিতে রাজি হননি। উল্টে বাপিকে গালিগালাজ করেছিলেন। এই নিয়ে অশান্তির জেরেই ব্লেড দিয়ে ছট্টুর গলার নলি কেটে খুন করে বাপি। শেষে প্রমাণ লোপাটের জন্য দেহ বিদ্যাধরীর খালের জলে ভাসিয়ে দেয়। শুক্রবার সাত সকালেই স্থানীয়রা খালের জলে একটি মৃতদেহ ভাসতে দেখেন। পরে পুলিশ এসে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। এই ঘটনায় মৃতের সহকর্মী শ্রমিক বাপি মুন্ডাকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে পুলিশ। পুলিশি জেরায় শেষে খুনের কথা স্বীকার করে বাপি। এরপরেই শনিবার বাপিকে গ্রেপ্তার করেছে দেগঙ্গা থানার পুলিশ।

রিষড়া রবীন্দ্রভবনের নবরূপে উদ্বোধন

নিজস্ব প্রতিবেদন, রিষড়া: রিষড়া রবীন্দ্রভবনের সংস্কার করে নবরূপে উদ্বোধন করলেন শ্রীরামপুর লোকসভা কেন্দ্রের সাংসদ কল্যাণ ব্যানার্জি। রিষড়া এলাকাবাসীদের বহুদিনের প্রত্যাশা, উদ্যোগে তথা সুদৃঢ় প্রচেষ্টায় এবং রিষড়া পুরসভার অর্থিক অনুদানে আজ রিষড়াবাসীদের চির কাম্য রবীন্দ্রভবনের নবনির্মান সুসম্পন্ন করা হয়েছে যার শুভ উদ্বোধন হল ১২ অগস্ট, অনুষ্ঠানের প্রারম্ভিক পর্বে প্রদীপ প্রজ্জ্বলন এবং সম্মানীয় অতিথিদের উত্তরীয় পরিয়ে পুষ্পস্তবক প্রদানের মাধ্যমে সম্মাননা জ্ঞাপন করা হয়। নবরূপের রবীন্দ্রভবন উদ্বোধন করলেন বর্তমান সাংসদ শ্রীযুক্ত কল্যান ব্যানার্জি। উক্ত অনুষ্ঠানে মুখ্য ব্যাক্তিত্ববর্গদের মধ্যে উপস্থিত ছিলেন শ্রীরামপুর বিধানসভার বিধায়ক ডাঃ সুদীপ্ত রায়, রিষড়া পুরসভার পুরপ্রধান বিজয় সাগর মিশ্রা, উপপুর প্রধান জনাব জাহিদ হাসান খান, কাউন্সিলার উষা দেবী সাউ, মেয়র ইন কাউন্সিল মনোজ সাউ, তাপস সরখেল সহ বিশিষ্টজনেরা। রিষড়া পুরসভার পুর প্রধান বিজয় সাগর মিশ্র তার বক্তব্যে বলেন, করোনা সহ নানা কারণে সংস্কারের কাজ দীর্ঘায়িত হয়েছে, আমরা চেষ্টা চালিয়ে গিয়েছি দায়িত্বের সঙ্গে, বিলম্বিত হলেও রবীন্দ্র ভবন নবরূপে শিল্পি তথা মানুষের জন্য চালু করতে পেরে পুর কর্তৃপক্ষ আনন্দিত ও নিশ্চিন্ত। বিজয় সাগর মিশ্র বলেন, ঐতিয্যবাহী রবীন্দ্র ভবনকে কেন্দ্র করে রিষড়ার সংস্কৃতি চর্চার যে সৃজনশীলতামূলক এবং শৈল্পিক চলমানতা তা বজায় থাকবে। সব ধরনের ক্লাব এবং সংগঠন সাম্য, ও মৈত্রীর বন্ধনে শান্তিপূর্ণভাবে তাদের স্বপ্নপূরণের মঞ্চ হিসাবে এখানে অনুষ্ঠান করতে পারে সেই দিকে লক্ষ্য রেখেই মঞ্চের ভাড়া ধার্য করা হচ্ছে। ভবনটি সংস্কারে প্রায় পৌনে ২ কোটি টাকা খরচ হয়েছে বলে জানা গিয়েছে। ২০১৫ সাল নাগাদ সংস্কারে হাত দেয় পুরসভা কিন্তু বারংবার বাধাপ্রাপ্ত বা স্থগিত থাকে কাজ। রিষড়াবাসীগণ সংস্কৃতি চর্চার সঙ্গে যুক্ত হতে পারবে পুনরায় ভেবে ভীষণ খুশি, অবশেষে সেই কাজ শেষ সুসম্পন্ন হল।

অধীর চৌধুরীকে বহিষ্কারের প্রতিবাদ

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: লোকসভায় কংগ্রেসের দলনেতা এবং পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের সভাপতি অধীর রঞ্জন চৌধুরীকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সমালোচনা করায় যে নক্কারজনক প্রতিক্রিয়া বিজেপি দেখিয়েছে তা সংসদীয় রীতি নীতির পরিপন্থী এবং বিরোধী কণ্ঠ রোধ করার অপচেষ্টা বলে অভিযোগ। এই ঘটনার প্রতিবাদে শনিবার মেদিনীপুর শহরের গান্ধি মূর্তির পাদদেশে পশ্চিম মেদিনীপুর জেলা কংগ্রেস কমিটির ডাকে একটি প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় অবিলম্বে চৌধুরীর উপর থেকে সাসপেনশন প্রত্যাহারের দাবি করা হয় এবং গণতন্ত্রের উপর এই আঘাতের তীব্র নিন্দা করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা কংগ্রেস সভাপতি সমীর রায়। উপস্থিত ছিলেন প্রবীণ কংগ্রেস নেতা শম্ভুনাথ চট্টোপাধ্যায় সহ শান্তি কুমার দত্ত, তীর্থঙ্কর ভকত, চিত্ত মুখার্জি ও অন্যান্য নেতৃবৃন্দ।

জেলায় ১৯০টি গ্রাম পঞ্চায়েত তৃণমূলের দখলে

নিজস্ব প্রতিবেদন, বারাসাত: উত্তর ২৪ পরগনার ১৯৯ টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে দু'দিনে মোট ১৯৭টি গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠন হল। এরমধ্যে ৬টি গ্রাম পঞ্চায়েতের বিজেপি দখল করেছে একটি করেছে কংগ্রেস। বাকি ১৯০টি গ্রাম পঞ্চায়েতই তৃণমূল কংগ্রেসের দখলে। আমডাঙার বেড়াবেড়ি ও ব্যারাকপুরের শিউলি এই দুটি গ্রাম পঞ্চায়েতে এখনও বোর্ড গঠন হয়নি। কয়েকদিন পর সেখানে বোর্ড গঠন হবে বলে প্রশাসন সূত্রে জানা গেছে। হেলেঞ্চা, কানিয়াড়া ১ ও ২, হাসনাবাদ, ফুলসরা ও মরিচা এই ৬টি গ্রাম পঞ্চায়েতের বাম, কংগ্রেস ও নির্দলকে সঙ্গে নিয়ে বিজেপি বোর্ড গঠন করেছে। বাকড়া গকুলপুরে কংগ্রেস বোর্ড গঠন করেছে। তবে ১৯০টি গ্রাম পঞ্চায়েতেই প্রবল উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে বোর্ড গঠন করেছে। তবে বোর্ড গঠন নিয়ে তৃণমূলের অন্দরে ক্ষোভ দানা বেঁধেছে। আগামী সোমবার পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন হবে এবং বুধবার জেলা পরিষদের সভাধিপতির ও সহ সভাধিপতি নির্বাচন হবে।

চন্ডী স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৩, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০০০১, দূরভাষ: (০৩৩)২২৪৮-৯৮০৮, ফ্যাক্স: (০৩৩)২২৪৩-০০২১,
ইমেল: chandisteelindustries@gmail.com, ওয়েবসাইট : www.chandisteel.com, CIN: L13100WB1978PLC031670

৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ

(লক্ষ টাকায়)

ক্র. নং	বিবরণ	তিন মাস সমাপ্ত			বর্ষ সমাপ্ত
		৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত)	৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত)
১	মোট আয় কার্যাদি থেকে	১৪,০২৮.১২	১১,৩৭১.৬৯	১২,৭৫৭.৯৭	৪৯,৬৬৩.০৫
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব)	২,০১২.৬৪	১,২৯০.৫৪	১,৬২২.৮৫	৫,৩৮৩.০৩
৩	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	২,০১২.৬৪	১,২৯০.৫৪	১,৬২২.৮৫	৫,৩৮৩.০৩
৪	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	১,৪৯৮.৫৭	৯৫৪.৫৩	১,২০৯.৪৭	৪,০০৪.২৯
৫	মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)]	১,৪৯৮.৫৭	৯৪০.৪৬	১,২০৯.৪৭	৩,৯৯০.২২
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	১,০৫৩.৫০	১,০৫৩.৫০	১,০৫৩.৫০	১,০৫৩.৫০
৭	অন্যান্য ইক্যুইটি	-	-	-	৮,৫২০.৬৫
৮	শেয়ার প্রতি আয় (ইপিএস) (১০/- টাকা প্রতিটি)				
	(ক) মৌলিক (বার্ষিকীকৃত নয়) (টা.)	৪.৭৪	৯.০৬	১১.৪৮	৩৮.০১
	(খ) মিশ্রিত (বার্ষিকীকৃত নয়) (টা.)	৪.৭৪	৯.০৬	১১.৪৮	৩৮.০১

দ্রষ্টব্য ঃ-

(ক) উপরোক্ত বিষয়টি সেবি (লিস্টিং ওবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে পেশ করা ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com এবং কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে।

(খ) উপরিউক্ত ফলাফল অডিট কমিটি দ্বারা পুনরীক্ষিত এবং পরবর্তীতে ১২.০৮.২০২৩ তারিখের বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত।

(গ) পূর্ববর্তী সময়ের সংখ্যাগুলিকে পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে।

চন্ডী স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড -এর পক্ষে
স্বা/-
সুশান্ত সরকার
(ডিরেক্টর)
(DIN : 06449312)

স্থান: কলকাতা
তারিখ: ১২ অগস্ট, ২০২৩

এসএমআইএফএস ক্যাপিটাল মার্কেটস্ লিঃ

রেজিঃ অফিস : "বৈভব" (৪এফ), ৪, লী রোড, কলকাতা-৭০০০২০
CIN No: L74300WB1983PLC036342
দূরভাষ : ০৩৩-২২৯০-৭৪০০/৭৪০১/৭৪০২/০৫৪৪, ফ্যাক্স নং: ০৩৩-২২৮৭-৪০৪২, ২২৪০-৬৮৮৪
ই-মেল আইডি : smifscap@gmail.com, cs.smifs@gmail.com ওয়েবসাইট : www.smifscap.com

৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

(লক্ষ টাকায়)

বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন			কনসোলিডেটেড		
	তিন মাস সমাপ্ত ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত)	৩০.০৬.২০২২ পূর্ব বর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত (অনিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত)	৩ মাস সমাপ্ত ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত)	৩০.০৬.২০২২ পূর্ব বর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত (অনিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত)
কার্যাদি সূত্রে মোট আয় (নিট)	১,৩০২.০২	১,৭০৫.৭৩	৬,৭৩৯.১৬	১,৩০৬.২১	১,৭১০.২৭	৫,৭৫৭.৫৮
নিট লাভ(+)/ক্ষতি(-) কর পূর্ববর্তী	৭.৪৭	৩.১৩	৬৮.০৭	৮.৪৯	৪.৩৬	৭২.৭০
নিট লাভ(+)/ক্ষতি(-) কর পরবর্তী সময়কালের জন্য	৫.৭৪	(০.৪৭)	৪৫.৮৯	৬.৬১	১৫.০২	৫১.০৪
মোট আনুপঙ্কিক আয় সময়কালের জন্য {লাভ/(ক্ষতি) করের পরে সময়ের জন্য এবং অন্যান্য আনুপঙ্কিক আয় করের পরে এর জন্য}	৩৭৫.৬৪	(৭১.৬৫)	১৬০.৫৬	৩৫৮.৬৯	(৫৬.১৪)	১৭১.৮৬
পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটি)	৫,৫৮,৫০,০০০	৫,৫৮,৫০,০০০	৫,৫৮,৫০,০০০	৫,৫৮,৫০,০০০	৫,৫৮,৫০,০০০	৫,৫৮,৫০,০০০
শেয়ার-পিছু আয় (ইপিএস) (বার্ষিকীকৃত নয়)						
ক) মৌলিক (₹)	০.১০	(০.০১)	০.৮২	০.১২	০.২৭	০.৯১
খ) মিশ্রিত (₹)	০.১০	(০.০১)	০.৮২	০.১২	০.২৭	০.৯১

১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক/তিন মাসের আর্থিক ফলাফলের বিশদ ফম্যার্টের সারাংশ। ত্রৈমাসিক/তিন মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট সমূহ ((www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.smifscap.com -এ।

২. পূর্বোক্ত সময়ের অর্থাঙ্ক পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে যেখানে প্রয়োজন।

এসএমআইএফএস ক্যাপিটাল মার্কেটস্ লিঃ-এর পক্ষে
স্বা/-
(কিশোর শাহ)
ম্যানেজিং ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ: ১২.০৮.২০২৩

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোঃ ৯৮৩১৯১৯৭৯১

বিজ্ঞপ্তি

জনৈক সোমনাথ কুন্ডু এবং তার পত্নী বিষ্ণুপ্রিয়া কুন্ডু যেহেতু প্রয়াত এবং এক বিবাহিত পুত্র নাম সঞ্জয় কুন্ডু এক অবিবাহিত কন্যা নাম সোনালী কুন্ডু উভয়েই মৃত এবং সঞ্জয় কুন্ডুর বিধবা পত্নী শিখা কুন্ডু এবং সঞ্জয় কুন্ডুর কন্যা সহেলী কুন্ডু সংশ্লিষ্ট সোমনাথ কুন্ডু এবং বিষ্ণুপ্রিয়া কুন্ডুর একমাত্র আইনি উত্তরাধিকারী এবং অন্যান্য মধ্যে শিখা কুন্ডু এবং সহেলী কুন্ডু ব্যতীত অন্য কোনও আইনি উত্তরাধিকারী থাকলে অনুগ্রহ করে নিম্নোক্ত ঠিকানায় এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে জানাতে হবে অন্যথায় পরবর্তীতে কোনও দাবিই গ্রাহ্য হবে না।

দেব সুন্দর দারিপা, (অ্যাডভোকেট)
৯৬/১, দম দম রোড, থানা -দম দম,
কলকাতা -৭০০০৭৪
মোবাইল -৯৮৩১৯৬৩১৫৪

ডেটস রিকভারি ট্রাইবুনাল-III কলকাতা
ভারত সরকার
৯ম তল, জীবন সুধা বিল্ডিং
৪২সি, জওহর লাল নেহরু রোড, কলকাতা - ৭০০০৭১
কেস নং : আরপি/২০৪/২০১৯
(ও এ নং ৭৬৩-২০১৬ সালের)
কানাড়া ব্যাঙ্ক
-বনাম-
মেসার্স পারবেজ প্লাস্টিক ম্যানুফ্যাকচারিং এবং অন্যান্য

দাবি নোটিশ

প্রতি
(১) মেসার্স পারবেজ প্লাস্টিক ম্যানুফ্যাকচারিং, ৩০, বি ম্যাকেঞ্জি রোড (পূর্ব), কামারহাটি, বেলঘড়িয়া, জেলা -২৪ পরগনা (উ.), কলকাতা -৭০০০৫৮।
(২) শ্রী পারবেজ আলম আনসারি, ৩০, বি ম্যাকেঞ্জি রোড (পূর্ব), কামারহাটি, বেলঘড়িয়া, জেলা -২৪ পরগনা (উ.), কলকাতা -৭০০০৫৮।

সমন

সংশ্লিষ্ট উল্লেখ্য ও এ নং ৭৬৩-২০১৬ সালের অনুযায়ী মহামান্য প্রিসাডিং অফিসার,ডেটস রিকভারি ট্রাইবুনাল ৩, কলকাতা কর্তৃক ইস্যুকৃত রিকভারি সার্টিফিকেট অনুযায়ী পরিমাণ ২১, ৫৯, ৬৬৮.০০ (একুশ লাখ উনষাট হাজার ছয়শত আটষট্টি) টাকা জরিমানা সুদএবং পরবর্তী ১১.৪৫ শতাংশ বার্ষিক হারে সরল সুদ ১১.০৭.২০১৬ তারিখে দাখিল অনুযায়ী এবং ও এ-এর জন্য শুল্ক সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত।
আপনাদের আরও অবগত করা হচ্ছে উক্ত বকেয়া পরিমাণ সার্টিফিকেটধারী ব্যাঙ্ককে এই নোটিশ পাওয়ার তারিখ থেকে ১৫ দিনের মধ্যে আদায় দিতে নির্দেশ দেওয়া হচ্ছে, ব্যর্থ হলে রুল মোতাবেক বকেয়া আদায় করা হবে।
উক্ত বকেয়া পরিমাণের অতিরিক্তে আপনারা আরও যা দিতে দায়বদ্ধ তা নিম্নরূপ :
(ক) সংশ্লিষ্ট এই সার্টিফিকেট বিজ্ঞপ্তি/প্রক্রিয়া শুরুর অব্যবহিতভাবে সুদ
(খ) বকেয়া আদায়ের জন্য নোটিশ প্রেরণ, এবং সতর্কতা জারি এবং অন্যান্য প্রক্রিয়া গ্রহণের জন্য সমুদয় শুল্ক, চার্জ এবং ব্যয়।
আপনাদের উল্লিখিত ১৯.১১.২০২৩ তারিখে নিম্নোক্ত সমীপে হাজির হতে নির্দেশ দেওয়া হচ্ছে।
স্বহস্তে সিলমোহর প্রদত্ত কলকাতা ডিআরটি-৩, তারিখ ১৬ অক্টোবর ২০১৯।
স্বা/-রিকভারি অফিসার

অন্নপূর্ণা স্বাদিষ্ট লিমিটেড

রেজিঃ অফিস: চ্যাটার্জি ইন্টারন্যাশনাল বিল্ডিং, ১৪তম তল,
ইউনিট নং এ০১ এবং এও২, ৩৩এ, জওহরলাল নেহরু রোড, কলকাতা ৭০০০৭১,
CIN: L15133WB2022PLC251553
ফোন: +৯১ ৩৩-৪৬০৩ ২৮০৫; cs@annapurnasnacks.in, https://www.annapurnasnacks.in

সদস্যদের জন্য ২য় বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে কোম্পানির ২য় বার্ষিক সাধারণ সভা (এজিএম) ৫ সেপ্টেম্বর, ২০২৩ মঙ্গলবার সকাল ১০.৩০ টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিডিও মাধ্যম (ওএভিএম) এর মাধ্যমে ৭ আগষ্ট, ২০২৩ তারিখের এজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত অনুসারে ব্যবসা লেনদেনের জন্য অনুষ্ঠিত হবে।
এজিএম নোটিশ সহ বার্ষিক প্রতিবেদন, ২০২৩ এর বৈদ্যুতিন প্রেরণ, ১২ আগস্ট, ২০২৩-এ সম্পন্ন হয়েছে। এজিএম-এর বিজ্ঞপ্তিটি ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ